

প্রতিজ্ঞা রক্ষিছে তারা সত্য পথে চলে।
 অসত্যের আশ্ফালন চলে অবহেলে।।
 পুনঃ ভাবে কি ভাবিনু আমি অভাগিনী।
 না বুঝিয়া পতিগণে কেন হীন গণি।।
 সত্যেতে উদয় ধর্ম এই মহাবাণী।
 সত্যাবদ্ধ মহারাজ ধর্ম গুণমণি।।
 সত্যব্রতে ব্রতী হেন পতি আছে কাঁর।
 পতি বিদ্বেশিণী আমি অতি হীনাচার।।
 সত্যজ্যোতিঃ দেখিবারে তাঁদের অপেক্ষা।
 না বুঝিয়া ধর্মরাজে করেছি উপেক্ষা।।
 করজোড় করি দেবী পতি প্রতি চায়।
 মনে মনে কেঁদে বলে 'ক্ষমহ আমার'।।
 পাণ্ডবের প্রাণকৃষ্ণ পাণ্ডবের নাথ।
 ডাকি আমি সে বান্ধবে পঞ্চপতি নাথ।
 দ্বারকার নাথ কৃষ্ণ এসো দয়া করে।
 বিপদে রাখহ মোরে চরণ নখরে।।
 রাজ-কুলবধু আমি রাজ-কুলবালা।
 উলঙ্গ করিতে চায় আমি রজঃস্বলা।।
 নারীর সন্ত্রম যদি যায় সভা মাঝে।
 কি কাজ জীবনে বল লজ্জাহীনা সাজে।।
 দয়া করি রক্ষা কর প্রভু জগন্নাথ।
 প্রাণ যায় মান যায় স্বামীর সাক্ষাৎ।।
 বিলাপ করিয়া দেবী যদি এত বলে।
 অন্তরীক্ষে থাকি কৃষ্ণ বলে কথা'ছিলে।।
 'দ্বারকার নাথ আমি তোমাদের কেবা।
 অপরের কাছে কেন সাহায্য পাইবা।।
 যে মোরে আপন ভাবে আমি তার হই।
 পর ভাবে পরেপরে পর আমি নই।।'
 বাণী শুনি রাজেন্দ্রাণী দ্রৌপদী সুশীলা।
 কৃষ্ণপ্রেম অনুরাগে হইলা বিহুলা।।
 'তুমি কৃষ্ণ প্রাণনাথ পরাণ-পরাণ।
 সৃষ্টি-স্থিতি-লয় তুমি সকল কারণ।।

সর্বস্ব আমার তুমি সকলের সার।
 এসো প্রাণে প্রাণনাথ প্রাণ যে তোমার।
 আশ্চর্য্য কৃষ্ণের-লীলা তত্ত্বরসে ভরা।
 জীবে শিক্ষা দিতে তাঁর এই ভাব ধরা।।
 কাঁদেন দ্রৌপদী দেবী এক হস্ত তুলি।
 অন্য হাতে রক্ষা করে বস্ত্রের অঞ্জলী।।
 ভক্তবৎসলের ভাব বোঝা বড় দায়।
 ভক্ত দ্বারা করে প্রভু যতটুকু চায়।।
 'হা কৃষ্ণ, হা কৃষ্ণ' বলি কাঁদেন দ্রৌপদী।
 অন্তরীক্ষে থাকি বলে কৃষ্ণ গুণনিধি।।
 'শুনহে দ্রৌপদী দেবী বলি যে তোমায়।
 তব আচরণে আমি পড়ি সমস্যায়।।
 কতটুকু মন দেবী দিলে মমপ্রতি।
 কতটুকু রয় তবে বস্ত্রের সংহতি?।
 অর্দ্ধ মনে আচরণে যেন মোরে ডাকে।
 অর্দ্ধমনে মন তার আমি থাকি ফাঁকে।।
 অর্দ্ধমনে ডাকে মোরে অর্দ্ধ মন পরে।
 আধা আধি টানাটানি নহে'ত আমারে।।'
 প্রভু বাক্য শুনি দেবী চৈতন্য পাইল।
 সব ছাড়ি উভবাহ করজোড় হ'ল।।
 ঘৃণা লজ্জা আত্মজ্ঞান সকলি ত্যজিল।
 লজ্জা নিবারণ হরি মান রেখে দিল।।
 উর্দ্ধবাহ যবে হ'ল করজোড় করি।
 বসন রূপেতে হরি হর অঙ্গ বেড়ি।।
 তার প্রতি নিষ্ঠা যার নির্ভরতাপূর্ণ।
 পরশ পরশে যথা লৌহ হয় স্বর্ণ।।
 আত্মভাব আত্মজ্ঞান যবে লুপ্ত হয়।
 আত্মরূপে বসে হরি পরম আশ্রয়।।
 আত্মাপ্রীতি ত্যজ্য করি কাশীনাথ ভুটে।
 উপনীত গোস্বামীর পদ সন্নিকটে।।
 ভূমেতে লোটায়ে পড়ি পদ তুলে শিরে।
 মূর্ত্তিমত্ত সিংহবীর্য্য গজ্জির্ল ইঁফ্বারে।।